

S/A
2018

DS(T-1)/DS(T-2)

DS (DTE) ড. Chairman, BTER-চেয়ারম্যান
১৯/৩/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০।
(প্রশাসন-১ শাখা)
www.molwa.gov.bd

শিক্ষা মন্ত্রণালয় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সচিবের দপ্তর	
ডায়েরি নং- ২৬৬	তারিখ: ১৪/৩/১৮
অতিরিক্ত সচিব (প্রশাসন ও জরুরি)	সুপারিসচিব (উন্নয়ন)
অতিরিক্ত সচিব (কারিগরি)	সচিব (কারিগরি)
অতিরিক্ত সচিব (মাদ্রাসা)	সচিব (মাদ্রাসা)
অতিরিক্ত সচিব (সহঃ ও সহঃ)	
সুপারিসচিব (প্রশাসন)	

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২৪
০৮ মার্চ ২০১৮

স্মারক নম্বর ৪৮.০০.০০০০.০০১.৭৬.০২১.২০১৫-২৭


বিষয়ঃ 'গণহত্যা দিবস-২০১৮' পালন উপলক্ষে ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠিতব্য গণহত্যার দুর্লভ আলোকচিত্র প্রদর্শনীসহ (রক্তাক্ত ২৫ মার্চ: গণহত্যার ইতিবৃত্তসহ) অন্যান্য অনুষ্ঠানে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীগণের উপস্থিতি ও সার্বিক নিরাপত্তা প্রদান প্রসঙ্গে।

১৯৭১ সালের ২৫ মার্চ বাঙালী জাতির জীবনে এক ভয়াবহ রক্তাক্ত ইতিহাসের দিন। সেই কাল রাতে পাকিস্তানী সেনাবাহিনী কাপুরুষের ন্যায় রাতের অন্ধকারে পাশবিক হিংস্রতা নিয়ে ঝাঁপিয়ে পড়েছিল যুগান্ত বাঙালীর উপর। এ দিবসটিকে "গণহত্যা দিবস" হিসেবে পালনের জন্য ইতোমধ্যেই জাতীয় কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

০২। গণহত্যা দিবস উদযাপনের নিমিত্ত আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখে সোহরাওয়ার্দী উদ্যানের স্বাধীনতা স্তম্ভ সংলগ্ন বেদী ও সংলগ্ন স্থানে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান "জার্নি" এর সহযোগিতায় দুর্লভ আলোক চিত্র প্রদর্শনী (রক্তাক্ত ২৫ মার্চ: গণহত্যার ইতিবৃত্ত) শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

০৩। বর্ণিত অবস্থায়, জাতির নতুন প্রজন্মকে গণহত্যার ইতিহাস সম্পর্কে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয় এর শিক্ষার্থীদের উক্ত আলোকচিত্র প্রদর্শনীসহ সকল অনুষ্ঠান উপভোগ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৪/৩/১৮



(নূর-ই-খাজা সাদমিন)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)
টেলিফোনঃ ৯৫৭৮৬৪৮
sasadmin1@molwa.gov.bd

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা -মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ০২। সচিবের একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
- ০৪। প্রধান নির্বাহী, জার্নি, ফ্রি স্ট্রিট স্কুলরোড, ধানমন্ডি, ঢাকা